# Financial Accounting





# Summa de Arithmetica geometria. Proportioni: et proportionalita:

[illegible]

## Continentia de tutta lopera:

[illegible]



LUCA PACIOLI




Summa de arithmetica, geometria, proportioni et proportionalita

- Arithmetic & Algebra
- The appllication of Arithmetic
- Accounting
- Money & barter system
- Theorectical & Applied Geometry

# Meaning

The process of recording, classifying, sumariing, analyzing and interpreting financial transactions and communicating the results thereof to the users interested in such communication.


# Meaning

THE PROCESS OF RECORDING, CLASSIFYING, SUMARIING, ANALYZING AND INTERPRETING FINANCIAL TRANSACTIONS AND COMMUNICATING THE RESULTS THEREOF TO THE USERS INTERESTED IN SUCH COMMUNICATION.

- Identification & Measurement



- Recording
- Classification & Summarizing



- Obtaining the results
- Interpretations
- Communicating

# Principles or Rules of Accounting

## Meaning

THE PROCESS OF RECORDING, CLASSIFYING, SUMARIING, ANALYZING AND INTERPRETING FINANCIAL TRANSACTIONS AND COMMUNICATING THE RESULTS THEREOF TO THE USERS INTERESTED IN SUCH COMMUNICATION.



Identification & Measurement

Recording


Classification & Summarizing

Obtaining the results

Interpretation

Communicating

Use of Accounting
Principles or Rules



Identification & Measurement

Recording


Classification & Summarizing

Obtaining the results


Interpretation

Communicating


Use of Accounting Principles or Rules



# ACCOUNTING CYCLE



# USERS OF ACCOUNTING INFORMATION



# Double Entry System of Book Keeping

**REAL**

| | |
|---|---|
| Debit | What comes in |
| Credit | What goes out |

**PERSONAL**

| | |
|---|---|
| Debit | the Receiver |
| Credit | the Giver |

**NOMINAL**

| | |
|---|---|
| Debit | all expenses and losses |
| Credit | all incomes and gains |

## Accounting Equation

**All Benefits Received**

| | |
|---|---|
| *Received & Used Up* | EXPENSES |
| *Received but wasted* | LOSS |
| *Received & held for future use* | ASSET |

**All Benefits given by other entities**

| | |
|---|---|
| *Obligation to return back* | LIABILITIES |
| *Benefits not to be returned* | INCOME/GAINS |

# ACCOUNTING EQUATION

Assets = External Liabilities + [Internal Liabilities ± Net Profit/Loss]

Assets = External Liabilities + Internal Liabilities + (Incomes + Gains-Expense-Losses)

Expense + Losses + Assets = External Liabilities + Internal Liabilities + Incomes + Gains

**Assets = Liabilities + Equity**

# Principles and Practice of Management

## Unit 1: INTRODUCTION

# *Definition*

- Henri Fayol (1841–1925) stated: "To manage is to forecast and to plan, to organize, to command, to co-ordinate and to control".
- **Frederick Winslow Taylor 1856-** "Management is the art of knowing what you want to do and then seeing that they do it in the best and the cheapest way."
- Peter Drucker (1909–2005) "Management is a multipurpose organ that manages a business and manages managers and manages workers and work."
- **Harold Koontz (1909-1984) defines,** "Management is the art of getting things done through and with people in formally organized groups."

# Importance of Management

- Helps in achieving group goals
- Increases efficiency
- Creates a dynamic organization
- Helps in achieving personal objectives
- Ensures optimum utilization of resources
- Develop competitive strength
- Develops new techniques
- Enhance stability and prosperity
- Builds team spirits
- Reduce employee turnover and absenteeism
- Building sound organization

# Functions of Management

- Planning
- Organising
- Stuffing
- Directing
- Co-ordinating
- Leadership
- controlling

# Art / Science ?

## Art

- Personal skill
- Practical knowledge
- Creativity
- Examples from history
- Further improvement through regular practice
- Unknown human behaviour
- Achievement without following management principles

## Science

- Systematic body of knowledge
- Universal application
- Cause effect relationship
- Experiment and observation
- Free from personal influence
- Test of validity and hypothesis.

## *Level of Management*

**Top**

Board of director, managing director, CEO

- Long-term goal
- Product market

**Middle**


Managers, departmental Managers

- Interpret plans and set actions

**Lower**

Supervisors, foreman, section officer, superintendent

- Implement the plan


Management Theories
Classical
Neo-classical
Modern school of Management
Taylor
Fayol
Elton Mayo
Marry Parker Follet
Peter Drucker
Michel Porter
Mintzberg

## Year I : Semester I

# CC 1.1 (Chg) BUSINESS LAWS

Ref: Bhadra & Satpati
D.L Dutta

**Marks : 100**

| | |
|---|---|
| Semester-end Examination | 80 |
| Internal Assessment | 20 |
| **Total** | **100** |

**Unit 1 : The Indian Contract Act, 1872** *[No. of classes 30 / Marks 30]*

a. **Contract**–Meaning, Characteristics and Kinds, Essentials of a Valid Contract.

b. **Offer and acceptance**—Definition, Rules Communication and Revocation of offer and acceptance.

c. **Consideration**—Definition, Elements, Types, Rules ; "No Consideration No Contract" and its exceptions ; Capacity to parties (Definition and Type)

d. Consent, Free Consent, Coercion, Undue Influence, Fraud, Misrepresentatin, Mistake.

e. Legality of objects and consideration


f. **Void and voidable agreements**—Definition, Types and Distinction

g. **Discharge of a contract**—contingent contracts, Quasi, Contract of Indemnity, Guarantee, Bailment, Pledges.

## 2.1. চুক্তির সংজ্ঞা (Definition of Contract)

***সাধারণভাবে দুই বা ততোধিক ব্যক্তি যখন আইনসম্মতভাবে বলবৎযোগ্য সম্মতির মাধ্যমে কোনো কাজ করা বা কোনো কাজ করা থেকে বিরত থাকার অধিকার পায়, তখনই চুক্তি হয়েছে বলে ধরে নেওয়া হয়। ভারতীয় চুক্তি আইনের 2(h) ধারা অনুযায়ী, "আইনের দ্বারা বলবৎ করা যায় এরকম সম্মতিকে চুক্তি বলে"*** *(An agreement enforceable by law is a contract.)*।

আইনের দ্বারা বলবৎ করা যায় এমন সম্মতির জন্য যে সকল বিষয়ের প্রয়োজন সেগুলিকে যদি পরপর সাজানো যায় সেক্ষেত্রে প্রথমেই আসবে প্রস্তাব (Proposal)। সেই প্রস্তাবটি যদি স্বীকার করে নেওয়া হয় তাহলে তা রূপান্তরিত হবে প্রতিশ্রুতিতে (Promise)। যেহেতু প্রস্তাব দুপক্ষের মধ্যে হয় এবং যা স্বীকৃত হলে প্রতিশ্রুতির জন্ম হয়, সেখানে প্রতিদান থাকা আবশ্যিক। অর্থাৎ তৃতীয় ধাপ হল প্রতিদান (Consideration)। প্রতিশ্রুতির সাথে প্রতিদান যুক্ত হলে সম্মতির (Agreement) সৃষ্টি হয়। এই সম্মতি আইনত বলবৎযোগ্য (Legally enforceable) হতে পারে আবার আইনত বলবৎযোগ্য (Legally not enforceable) নাও হতে পারে। আইনত বলবৎযোগ্য সম্মতির ফলে চুক্তির (Contract) সৃষ্টি। যদি আইনত বলবৎযোগ্য না হয় তবে তা বাতিল সম্মতি (Void agreement) বলে বিবেচিত হবে। এই আলোচনাটি নীচে রেখাচিত্রের মাধ্যমে দেখানো হল :



উপরোক্ত বিষয়গুলির মধ্যে চুক্তি গঠনের জন্য যে সব বিষয় প্রাসঙ্গিক সেগুলি সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা নীচে দেওয়া হল :


1. **প্রস্তাব (Offer) :** যখন কোনো ব্যক্তি অপর কোনো ব্যক্তির কাছে কোনো কাজ করা বা কাজ করা থেকে বিরত থাকার ইচ্ছা প্রকাশ করে, তখন প্রথম ব্যক্তির ওই ইচ্ছা প্রকাশকে অপর ব্যক্তির কাছে ***প্রস্তাব*** বলে গণ্য করা হয়।
   *(When one person signifies to another his willingness to do or to abstain from doing anything, with a view to obtaining the assent of that other person either to such act or abstinence, he is said to make a proposal.)*

2. **প্রতিশ্রুতি (Promise) :** যার কাছে কোনো প্রস্তাব করা হল সে যদি ওই প্রস্তাবটি স্বীকার করে অর্থাৎ প্রস্তাবে সায় দেয় তাহলে বলা হয় যে প্রস্তাবটি স্বীকৃত হল। প্রস্তাব স্বীকৃত হলে তাকে বলা হয় ***প্রতিশ্রুতি***।
   *(A proposal when accepted becomes a promise.)*

3. **সম্মতি (Agreement) :** প্রতিশ্রুতি যখন দুটি পক্ষের মধ্যে পারস্পরিক প্রতিদান সৃষ্টি করে তখন তাকে সম্মতি বলা হয়। অর্থাৎ প্রতিশ্রুতির সঙ্গে প্রতিদান যুক্ত হয়ে ***সম্মতির*** সৃষ্টি হয়।
   *(Every promise and every set of promises forming the consideration for each other is an agreement)*

4. **প্রতিদান (Consideration) :** প্রতিদানের অর্থ হল কোনো সুবিধা, লাভ বা উপকার যা এক পক্ষ প্রদান করে এবং অপর পক্ষ গ্রহণ করে।
   *(Consideration means any benefit, profit or assistance which one party offers and the other accepts the same.)*

উপরের আলোচনার পরিপ্রেক্ষিতে কোনো একটি প্রস্তাব কীভাবে ধাপে ধাপে চুক্তিতে পরিণত হয় তা নীচের রেখাচিত্রের মাধ্যমে দেখানো হল :




**সুতরাং,**
**প্রস্তাব + স্বীকৃতি = প্রতিশ্রুতি + প্রতিদান = সম্মতি + আইন দ্বারা বলবৎযোগ্য = চুক্তি।**

obligation between the parties.)।

**উদাহরণ :** অরুণ তার বাড়িটি 50,000 টাকায় বিক্রয় করবে বলে বরুণকে জানাল। বরুণ ঐ দামে বাড়িটি কিনতে রাজি হল। এটি হল একটি চুক্তি।

- এক্ষেত্রে অরুণ 50,000 টাকায় বিক্রয় করবে বলে বরুণকে জানাল। এটি হল প্রস্তাব।
- বরুণ ঐ দামে বাড়িটি কিনতে রাজি হল।
- অরুণের এই প্রস্তাবে বরুণের সায় দেওয়া বা স্বীকৃত হওয়া হল প্রতিশ্রুতি।
- উভয়ের মধ্যে পারস্পরিক প্রতিদান হল :

  অরুণের কাছে 50,000 টাকা।

  বরুণের কাছে বাড়িটি।
- অরুণের বাড়ি বিক্রি করার প্রস্তাব একটি নির্দিষ্ট প্রতিদানের ভিত্তিতে গড়ে উঠেছে।
- অরুণ এবং বরুণের মধ্যে সৃষ্টি হওয়া প্রতিশ্রুতির সঙ্গে উপরিউক্ত প্রতিদান যুক্ত হবার ফলে সম্মতির সৃষ্টি হয়েছে।
- এই সম্মতি যেহেতু আইন দ্বারা বলবৎযোগ্য, তাই এটি **চুক্তি** বলে গণ্য হয়।

## 1.2 চুক্তির আবশ্যকীয় উপাদান (Essential elements of a contract)

চুক্তির আবশ্যকীয় উপাদানের শর্তগুলি নিম্নে আলোচিত হল—

**(ক) প্রস্তাব ও স্বীকৃতি ঃ** চুক্তিতে অবশ্যই দুইটি পক্ষ থাকবে। এক পক্ষ প্রস্তাব করবে এবং অপর পক্ষ তা স্বীকার করবে। চুক্তি আইনে প্রস্তাব ও স্বীকৃতি সম্পর্কে যে নিয়ম লিপিবদ্ধ আছে সেই নিয়ম অনুসারে প্রস্তাব ও স্বীকৃতি সম্পন্ন করতে হবে। চুক্তি আইনে, প্রস্তাব **2(a) ধারায়,** এবং স্বীকৃতি **2(b) ধারায়,** এবং প্রস্তাবকারী ও প্রস্তাবগ্রহীতা (স্বীকৃতিদাতা) উভয়কেই **2(c) ধারায়** ব্যাখ্যা করা হয়েছে।

**(খ) আইনগত সম্পর্ক স্থাপনের ইচ্ছা ঃ** চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট পক্ষগণের মধ্যে আইনগত সম্পর্ক স্থাপনের ইচ্ছা থাকা চাই। বন্ধুর বাড়িতে নিমন্ত্রণ গ্রহণের সম্মতির মাধ্যমে কোনো চুক্তি সম্পন্ন হয় না। কারণ, এরূপ সম্মতিতে উভয়পক্ষের মধ্যে আইনগত সম্পর্ক স্থাপনের ইচ্ছা বর্তমান থাকে না। কিন্তু পণ্য বিক্রয়ের সম্মতি আইনসংগত চুক্তি হতে পারে।

**(গ) আইনসংগত প্রতিদান ঃ** চুক্তির দুইপক্ষ কিছু পাবে এবং কিছু হারাবে। চুক্তি বাবদ যা কিছু দেওয়া হয় বা পাওয়া যায় তা-ই চুক্তির প্রতিদান। এর, সামান্য কিছু ব্যতিক্রম ছাড়া চুক্তি গঠন হয় না। অবশ্য প্রতিদান আইনসংগত হলে তবেই তার সাহায্যে বৈধ ও বলবৎযোগ্য চুক্তি সম্পাদিত হয়। প্রতিদান, চুক্তি আইনের **2(d) ধারায়** ব্যাখ্যা করা হয়েছে।

**(ঘ) সংশ্লিষ্ট পক্ষের** যোগ্যতা ঃ চুক্তির সংশ্লিষ্ট পক্ষগুলির, চুক্তি সম্পাদনের আইনগত যোগ্যতা থাকা চাই। চুক্তি অধিনিয়মের বিধান অনুযায়ী চুক্তির কোনো একপক্ষ যদি নাবালক, উন্মাদ বা দেশের আইন অনুযায়ী চুক্তির সম্পাদনে অযোগ্য হন তবে সাধারণভাবে চুক্তি বলবৎযোগ্য হবে না। চুক্তি আইনের **11 ধারায়,** যোগ্যতা সম্পর্কে আলোচনা করা হয়েছে।

**(ঙ) স্বেচ্ছাপ্রদত্ত ও স্বাধীন সায় ঃ** চুক্তি গঠনে সংশ্লিষ্ট পক্ষ সমূহের সায়, স্বাধীন ও স্বেচ্ছাপ্রণোদিত হওয়া প্রয়োজন। বলপ্রয়োগ, প্রতারণা, ইত্যাদির মাধ্যমে চুক্তিতে সায় আদায় করা হলে সেই চুক্তি আইনগতভাবে বলবৎ করা যায় না। অবশ্য দোষী পক্ষ এই চুক্তি আদালতের দ্বারা বলবৎ করতে পারবে না। কিন্তু অপরপক্ষ (যার ওপর বলপ্রয়োগ ইত্যাদি প্রয়োগ করা হয়েছে) ইচ্ছা করলে তা আদালত কর্তৃক বলবৎ করতে পারবে। চুক্তি আইনের **12, 13, 14, 15, 16, 17, 18, 20 ধারায়** স্বেচ্ছাপ্রদত্ত সায়ের ব্যাখ্যা দেওয়া হয়েছে।

**(চ) নির্দিষ্টতা ও নিশ্চয়তা ঃ** বৈধ চুক্তি সম্পাদনের জন্যে সম্মতির শর্তাবলি ও বিষয়বস্তু স্পষ্ট, সুনির্দিষ্ট ও নিশ্চিত হওয়া প্রয়োজন। যেমন— কোনো পণ্যের দাম 20 হাজার টাকা অথবা 25 হাজার টাকা হতে পারে না। যে কোনো একটি হবে।

**(ছ) বিষয়বস্তুর বৈধতা ঃ** সম্মতির বিষয়বস্তু আইন অনুমোদিত হলে তবেই সেটির দ্বারা বৈধ চুক্তি সম্পাদিত হয়। কিন্তু তা যদি নীতি বহির্ভূত ও জনস্বার্থের বিরোধী হয় তা আদালত কর্তৃক বলবৎ করা যাবে না। যেমন— ডাকাতি করার উদ্দেশ্যে একটি ট্যাক্সি ভাড়া করার চুক্তি প্রথম থেকে বাতিল। [Pearee Vs Brooks, 1866]

**(জ) সম্পাদনের সম্ভাব্যতা ঃ** চুক্তি প্রতিপালন সম্ভবপর না হলে তা বলবৎযোগ্য হবে না। যেমন— সূর্য থেকে আলো এনে দেওয়া, আকাশ থেকে চাঁদ কে নিয়ে আসা কাজগুলি অসম্ভব।

**(ঝ) বাতিল সম্মতি ঃ** চুক্তি আইনে নির্দিষ্টভাবে কিছু সম্মতিকে বাতিল বলে বিবেচনা করা হয়েছে। সেরূপ সম্মতি কখনই চুক্তি হিসেবে বিবেচিত হবে না। যেমন—

(i) বিবাহ প্রতিবন্ধক সৃষ্টিকারী সম্মতি [26 নং ধারা]

(ii) বাণিজ্য প্রতিবন্ধক সৃষ্টিকারী সম্মতি [27 নং ধারা]

(iii) মামলায় প্রতিবন্ধক সৃষ্টিকারী সম্মতি [28 নং ধারা]

(iv) অনিশ্চিত সম্মতি [29 নং ধারা]

(v) বাজী ধরার সম্মতি [30 নং ধারা]

(ঞ) লিখন ও নিবন্ধন ঃ সাধারণভাবে চুক্তি লিখিত এবং মৌখিক এই দু'ধরনের হলেও কোনো কোনো ক্ষেত্রে যেমন স্থাবর সম্পত্তি ক্রয়বিক্রয়ের বেলায় চুক্তি, লিখিত ও রেজিস্ট্রিকৃত হওয়া প্রয়োজন। যদি যুক্তি লিখিত হয় তাহলে Indian Stamp Act, 1894 অনুযায়ী তা উপযুক্ত স্টাম্প ও শীলমোহর, সই এবং রেজিস্ট্রিকৃত হওয়া প্রয়োজন।

যে-কোনো সম্মতিতে উপরোক্ত সব উপাদানগুলি বর্তমান থাকলে তবেই তা বৈধ চুক্তি হিসেবে পরিণত হয়। এর যে-কোনো একটির অভাব ঘটলে সম্মতি বলবৎযোগ্য চুক্তিতে পরিণত হতে পারে না। সেজন্যই বলা হয়েছে, **সকল সম্মতি চুক্তি নয় কেবলমাত্র আইনগতভাবে বলবৎযোগ্য সম্মতিই চুক্তি।**


(Contract Vs. Agreement)

## 2.2. চুক্তির শ্রেণিবিভাগ (Classification of Contracts)

দৈনন্দিন জীবনে প্রতিনিয়তই একজনের সঙ্গে অপরজনের চুক্তি সম্পাদিত হয়, এসব চুক্তি বিভিন্ন উদ্দেশ্যে, বিভিন্নভাবে সম্পাদন হতে পারে। চুক্তি গঠনের উদ্দেশ্য বা চুক্তি কীভাবে সম্পাদিত হয়েছে, এরকম বিভিন্ন বিষয়কে ভিত্তি করে চুক্তির শ্রেণিবিভাজন করা হয়। মূলত যে বিষয়ের উপর ভিত্তি করে চুক্তির শ্রেণিবিভাগ করা হয় সেগুলি হল :

1. **চুক্তির বৈধতা** (According to validity of contract)
2. **চুক্তির গঠন** (According to formation of contract)
3. **চুক্তির সম্পাদন বা পালন** (According to performance of contract)
4. **দায়বন্ধতার নিরিখে** (According to liability)

চুক্তির উপরিউক্ত প্রধান শ্রেণিবিভাগগুলিকে পুনরায় বিভিন্ন শ্রেণিতে বিভক্ত করা যায়, যেগুলি নীচের ছকের মাধ্যমে দেখানো হল :



Executed Contract Executory Contract

**(ক)** ব্যক্তচুক্তি (Express Contract) ঃ **চুক্তিবদ্ধ পক্ষগণ যখন মুখের কথায় অথবা লিখিতভাবে চুক্তি গড়ে তোলেন তখন সেই চুক্তিকে ব্যক্ত চুক্তি বলা হয়।**

**(খ)** অনুক্ত চুক্তি বা আচরণের দ্বারা সৃষ্ট চুক্তি (Implied Contract) ঃ **যে চুক্তি ভাষার দ্বারা (মৌখিক অথবা লিখিত) না হয়ে আচরণের দ্বারা সৃষ্ট হয় সেই চুক্তিকে আইনের ভাষায় অব্যক্ত চুক্তি বা আচরণের দ্বারা সৃষ্ট চুক্তি বলা হয়। যেমন, কোনো ব্যক্তি যখন সিনেমা দেখার জন্য টিকিট ক্রয় করেন সেক্ষেত্রে সঙ্গে সঙ্গে ওই ব্যক্তির সঙ্গে থিয়েটার কর্তৃপক্ষের একটি চুক্তি গড়ে ওঠে। এরূপ চুক্তি আচরণের দ্বারা গঠিত চুক্তি।**

**(গ)** উপচুক্তি (Quasi Contract) ঃ **কয়েকটি বিশেষ ধরনের লেনদেনে পক্ষগণের মধ্যে আইনের দ্বারা অধিকার এবং কর্তব্য সৃষ্টি হয় যদিও লেনদেনগুলি কখনোই চুক্তি হিসাবে গড়ে ওঠে না। এক্ষেত্রে কর্তব্য এবং অধিকারগুলির প্রকৃতি চুক্তিসৃষ্ট অধিকার ও কর্তব্যের মতো, পক্ষগণের পক্ষে পালন করা বাধ্যতামূলক। এই ধরনের লেনদেনগুলিকে ইংল্যান্ডের আইনে উপচুক্তি হিসাবে নামকরণ করা হয়েছে। প্রয়োজনীয় জিনিস সরবরাহের বিনিময়ে নাবালক কর্তৃক মূল্য প্রদানের দায়িত্ব যে লেনদেনে সৃষ্ট হয় তাহা উপচুক্তির একটি উদাহরণ। কারণ নাবালকের সম্মতি আইনের চোখে সব সময় বাতিল, কিন্তু এক্ষেত্রে প্রয়োজনীয় জিনিস সরবরাহের সম্মতি বাতিল হলেও মূল্য প্রদানের ক্ষেত্রে নাবালকের দায়িত্ব আইনের দ্বারা বাধ্যতামূলক।**

**(ঘ)** বাতিল সম্মতি (Void Agreement) ঃ **যে সম্মতি সম্পাদিত হওয়ার পরেও সম্মতিবদ্ধ পক্ষগণের মধ্যে অধিকার এবং কর্তব্য সৃষ্টি করতে ব্যর্থ হয় তাকে বাতিল সম্মতি বলা হয়। চুক্তি আইনের 2(j) ধারা অনুযায়ী যে সম্মতিকে আইনের দ্বারা বলবৎ করা যায় না তাকেই বাতিল সম্মতি বলা হয়। ভারতীয় চুক্তি আইন কতকগুলি সম্মতিকে বাতিল সম্মতি হিসাবে ঘোষণা করেছে—**

**(i)** শত্রু রাষ্ট্রের নাগরিকের সঙ্গে সম্পাদিত সম্মতি;

**(ii)** বিবাহ প্রতিবন্ধক সৃষ্টিকারী সম্মতি **[ধারা-26]**

**(iii)** ব্যবসায়ে প্রতিবন্ধকতা সৃষ্টিকারী সম্মতি **[ধারা-27]**

**(iv)** মামলা প্রতিবন্ধক সৃষ্টিকারী সম্মতি **[ধারা-28]**

**(v)** যে সম্মতির অর্থ স্পষ্ট নয় বা অনিশ্চিত সম্মতি **[ধারা-29]**

**(vi)** বাজি ধরা সম্মতি **[ধারা-30]**

**(vii)** অসম্ভব কোনো কাজ করার সম্মতি **[ধারা-56(i)]**

**(viii)** যে সম্মতির উদ্দেশ্য অথবা প্রতিদান আইনমূলক নয় **[ধারা-24]**

**(ঙ) বাতিলযোগ্য সম্মতি/চুক্তি (Voidable Agreement/Contract) ঃ** চুক্তি আইনের 2(i) ধারায় বাতিলযোগ্য চুক্তির সংজ্ঞা দেওয়া হয়েছে নিম্নরূপভাবে—"**চুক্তিবদ্ধ এক পক্ষের ইচ্ছা অনুসারে এবং অপর পক্ষের ইচ্ছা ব্যতিরেকে প্রবর্তনযোগ্য সম্মতিকে বাতিলযোগ্য সম্মতি বলা হয়।**" এরূপ চুক্তি বাতিল না হওয়া পর্যন্ত চুক্তিবদ্ধ পক্ষগণের পক্ষে পারস্পরিক প্রতিশ্রুতি পালন বাধ্যতামূলক। এরূপ সম্মতিতে এক পক্ষের ইচ্ছা অনুযায়ী চুক্তি বাতিল হতে পারে।

**(চ) বেআইনি/অবৈধ চুক্তি (Illegal Contract) ঃ** আইনের নীতিবিরুদ্ধ অথবা আইন কর্তৃক নিষিদ্ধ চুক্তিকেই বেআইনি চুক্তি বলা হয়। বেআইনি চুক্তি শুধুমাত্র আইনের দ্বারা বলবৎযোগ্য নয়, এমনকি এরূপ চুক্তি আইনের চোখে বাতিল হিসাবে বিবেচিত হয়।

**(ছ) অপ্রবর্তনীয় চুক্তি (Unenforceable Contract) ঃ** অপ্রবর্তনীয় চুক্তি পরিভাষাটি ইংল্যান্ডের আইনে ব্যবহৃত পরিভাষা। যে সম্মতিকে আইনের সাহায্যে আদালতের দ্বারা প্রয়োগ বা প্রবর্তন করা যায় না সেই সম্মতিকে অপ্রবর্তনীয় সম্মতি বলে। সম্মতি গঠনের আনুষ্ঠানিক ত্রুটি (Technical requirements) থাকার ফলে এরূপ সম্মতি আদালতের দ্বারা অপ্রবর্তনীয় হয়ে পড়ে।

**(জ) একতরফা/একপার্শ্বিক চুক্তি (Unilateral Contract) ঃ** যে চুক্তিতে এক পক্ষের প্রতিশ্রুতি পালন বাকী থাকে তাকে একতরফা বা একপার্শ্বিক চুক্তি বলা হয়।

**(ঝ) দ্বিপাক্ষিক চুক্তি (Bilateral Contract) ঃ** যে চুক্তিতে সৃষ্ট দায়গুলি চুক্তিবদ্ধ দুই পক্ষের ক্ষেত্রেই পালন বাকী থাকে তাকে আইনের পরিভাষায় দ্বিপাক্ষিক চুক্তি বলা হয়।

**(ঞ) সম্পাদিত চুক্তি (Executed Contract) ঃ** চুক্তিবদ্ধ পক্ষগণ তাদের নিজ নিজ দায় পালন করে থাকলে, সংশ্লিষ্ট চুক্তিটিকে সম্পাদিত চুক্তি বলা হয়।

**(ট) সম্পাদ্য চুক্তি (Executory Contract) ঃ** যেক্ষেত্রে, চুক্তিবদ্ধ পক্ষগণের, নিজ নিজ দায় পালন বাকী থাকে তাকে সম্পাদ্য চুক্তি আখ্যা দেওয়া হয়।

৫) মৌন চুক্তি (Tacit contract) :- এই ~~চুক্তিকে~~ চুক্তিকে তখনই মৌন চুক্তি বলা হবে, যখন কোনো পক্ষের আচরণের মাধ্যমে চুক্তি সংঘটিত হবে।

৬) বৈদ্যুতিন চুক্তি (e-contract) :- দুটি পক্ষের মধ্যে চুক্তি তৈরি হওয়ার সময় যদি কথাবার্তার পরিবর্তে ইন্টারনেট ব্যবহার করা হয়, অর্থাৎ ইন্টারনেটের মাধ্যমে দুটি পক্ষ যদি চুক্তিতে আবদ্ধ হয়, তখন তাকে বৈদ্যুতিন চুক্তি বলে।

৭) আংশিক সম্পাদিত এবং আংশিক পালনীয় চুক্তি (Partly executed and Partly executory contract) :-
যে চুক্তিতে চুক্তিবদ্ধ কোনো পক্ষ তার প্রতিশ্রুতি রেখেছে, কিন্তু অপর পক্ষ সেই সময় পর্যন্ত তার প্রতিশ্রুতি তখনও রাখেনি, এই জাতীয় ঘটনাকে আংশিক সম্পাদিত এবং আংশিক পালনীয় চুক্তি বলা হয়।

1. *নীচের কোন্‌টি চুক্তির উপাদান হিসাবে গণ্য হয় না?*

(a) প্রস্তাব

(b) স্বীকৃতি

(c) লিখিত

(d) প্রতিদান

2. *প্রতিশ্রুতির সাথে প্রতিদান যুক্ত হয়ে কিসের উদ্ভব হয়?*

(a) চুক্তি

(b) প্রস্তাব

(c) সম্মতি

(d) স্বীকৃতি

3. *চুক্তির সংজ্ঞা হিসাবে নীচের কোন্‌টি সঠিক?*

(a) প্রতিদানযুক্ত সম্মতিকে চুক্তি বলে

(b) দুই বা ততোধিক ব্যক্তি কোনো বিষয়ে সম্মত হলে তাকে চুক্তি বলে

(c) আইন দ্বারা বলবৎযোগ্য সম্মতিকে চুক্তি বলে

(d) কোনোটিই নয়

4. *গঠন অনুসারে চুক্তির শ্রেণিবিভাগের ক্ষেত্রে নীচের কোন্‌টি পড়ে না?*

(a) নিষ্ফল চুক্তি

(b) অপ্রবর্তনীয় চুক্তি

(c) একপাক্ষিক চুক্তি

(d) সবগুলিই

5. *চুক্তির পালন অনুসারে নীচের কোন্‌টি চুক্তির শ্রেণিবিভাগের অন্তর্ভুক্ত নয়?*

(a) পালিত চুক্তি

(b) পালনীয় চুক্তি

(c) প্রকাশ্য চুক্তি

(d) দ্বিপাক্ষিক চুক্তি

6. *চুক্তির বৈধতা অনুসারে চুক্তির শ্রেণিবিভাগের মধ্যে পড়ে—*

(a) বাতিল চুক্তি
(b) অপ্রবর্তনীয় চুক্তি
(c) বাতিলযোগ্য চুক্তি
(d) সবগুলিই

7. *যখন চুক্তির বিভিন্ন পক্ষগণ তাদের পারস্পরিক দায়বদ্ধতা পালিত করার মাধ্যমে চুক্তি সম্পাদন করে তাকে বলে—*

(a) অপ্রবর্তনীয় চুক্তি
(b) সম্পাদিত চুক্তি
(c) পালনীয় চুক্তি
(d) কোনোটি নয়

8. *চুক্তি গঠনের সময় যদি চুক্তির শর্তাবলি পালনে সবপক্ষ প্রকাশ্যভাবে (লিখিত বা মৌখিক) একমত হয়, তাহলে তাকে বলে—*

(a) বাতিল চুক্তি
(b) অপ্রবর্তনীয় চুক্তি
(c) ব্যক্ত বা প্রকাশ্য চুক্তি
(d) কোনোটি নয়

9. *সম্মতি হল নিম্নলিখিত ব্যক্তিবর্গের মধ্যে পারস্পরিক প্রতিশ্রুতি—*

(a) চারজন ব্যক্তি
(b) দু'জন ব্যক্তি
(c) ছয়জন ব্যক্তি
(d) একজন ব্যক্তি

10. *একটি চুক্তি তখনই কার্যকরী হয় যখন সেটি শুধুমাত্র নিম্নলিখিত পক্ষ দ্বারা সম্পাদিত হয়—*

(a) একপক্ষ
(b) দুটি পক্ষ
(c) দুটির থেকে বেশি পক্ষ
(d) উপরোক্ত সবকটি

11. *চুক্তি আইনে কার চুক্তি করার যোগ্যতা থাকে—*

(a) অপ্রাপ্তবয়স্কের
(b) জড়বুদ্ধিসম্পন্ন মানুষের
(c) সুস্থ ও স্বাভাবিক মানুষের
(d) পাগলের

12. *নীচের কোন্ সম্মতিটি চুক্তি বলে গণ্য হয় না?*

(a) ক্রয়-বিক্রয়ের সম্মতি
(b) সামাজিক সম্মতি
(c) আইনগত সম্মতি
(d) কোনোটিই নয়

13. *চুক্তির অত্যাবশ্যকীয় উপাদান হিসাবে নীচের কোন্‌টি গণ্য হয়?*

(a) চুক্তিভুক্ত পক্ষের যোগ্যতা থাকা দরকার
(b) স্বেচ্ছাপ্রদত্ত সায়
(c) আইনসঙ্গত প্রতিদান
(d) সবগুলিই

14. *যখন ত্রুটি-বিচ্যুতির কারণে কোনো চুক্তি আদালতের মাধ্যমে আইনত কার্যকরী করা সম্ভব হয় না, তাকে বলে—*

(a) অপ্রবর্তনীয় চুক্তি
(b) সম্পাদিত চুক্তি
(c) পালনীয় চুক্তি
(d) কোনোটি নয়

15. *মিতা একটি কম্পিউটার মেশিন স্বপনকে দেবে বলে প্রতিশ্রুতি দিল এবং এর পরিবর্তে স্বপন 25000* টাকা মিতাকে দেবে বলে প্রতিশ্রুতি দিল। এটি হল একটি —

(a) সম্মতি
(b) প্রস্তাবনা (Proposal)
(c) স্বীকৃতি
(d) প্রস্তাব

16. *ভারতীয় চুক্তি আইনে বাতিল সম্মতি হিসাবে নীচের কোন্‌টি গণ্য হয় না?*

(a) সিনেমা দেখতে যাওয়ার সম্মতি
(b) বিবাহ-প্রতিবন্ধক সম্মতি
(c) অনিশ্চিৎ সম্মতি
(d) বাজি ধরার সম্মতি

17. *কোনো চুক্তি সৃষ্টি হওয়ার ক্ষেত্রে প্রয়োজনীয় প্রস্তাব এবং স্বীকৃতি যদি মৌখিক বা লিখিতভাবে না হয়ে সংশ্লিষ্ট বিভিন্ন পক্ষের আচরণ বা হাবভাবের দ্বারা নির্দিষ্ট হয়, তখন সেই চুক্তিকে বলে—*

(a) বাতিল চুক্তি　　(b) অনুক্ত চুক্তি
(c) ব্যক্ত চুক্তি　　(d) সম্পাদিত চুক্তি

18. *বাতিল চুক্তি ভারতীয় চুক্তি আইনের কোন্ ধারায় উল্লিখিত আছে—*

(a) 2(i)　　(b) 2(c)
(c) 2(j)　　(d) 2(m)

19. *এক পক্ষের ইচ্ছানুসারেই কোনো সম্মতি যদি বলবৎযোগ্য হয় এবং অপরপক্ষের ইচ্ছানুসারে সেটি বলবৎযোগ্য না হয়, তখন তাকে বলে—*

(a) বাতিল চুক্তি　　(b) বাতিলযোগ্য চুক্তি
(c) সামাজিক চুক্তি　　(d) কোনোটি নয়

20. *বাতিলযোগ্য চুক্তি ভারতীয় চুক্তি আইনের কোন্ ধারার অন্তর্ভুক্ত —*

(a) 2(i)　　(b) 2(j)
(c) 2(m)　　(d) 2(h)

21. *অসম্ভব কোনো কাজ সম্পাদন করার জন্য কোনো সম্মতি আইন দ্বারা—*

(a) বলবৎযোগ্য　　(b) বলবৎযোগ্য নয়
(c) (a) এবং (b) উভয়ই　　(d) কোনোটি নয়

22. *চুক্তির বিষয়বস্তু অবশ্যই আইনসঙ্গত এবং বৈধ হওয়া প্রয়োজন—*

(a) সত্যি　　(b) আংশিক সত্যি
(c) ভুল　　(d) কোনোটি নয়

23. *দুই বা ততোধিক চুক্তি যে যে বিষয়ে একই সময়ে, একই অর্থে যদি একমত হয়, তখন তাকে বলা হয়—*

(a) স্বেচ্ছাপ্রদত্ত সায়　　(b) বলপ্রয়োগ
(c) (a) এবং (b) উভয়ই　　(d) কোনোটি নয়

24. *ভারতীয় চুক্তি আইনের কত ধরনের সম্পত্তি বাতিল বলে ঘোষিত—*

(a) 4　　(b) 5
(c) 6　　(d) 7

24. *ভারতীয় চুক্তি আইনের কত ধরনের সম্পত্তি বাতিল বলে ঘোষিত—*

(a) 4 (b) 5
(c) 6 (d) 7

25. *কিরণ তার গাড়িটি সুভাকে 200000 টাকায় বিক্রি করতে চুক্তিবদ্ধ হল। এক্ষেত্রে প্রতিদান হল—*

(a) 200000 টাকা (b) গাড়ি
(c) 200000 টাকা এবং গাড়ি উভয়ই (d) কোনোটি নয়

26. *চুক্তি গঠিত হবার সময় চুক্তির কোনো পক্ষই যখন তাদের দায়বদ্ধতা পালন না করে পরবর্তী সময়ে পালন করে, তখন তাকে বলে—*

(a) সম্পাদিত চুক্তি (b) দ্বিপাক্ষিক চুক্তি
(c) একপক্ষমূলক চুক্তি (d) সবকটি

**উত্তর**

1. (c) 2. (c) 3. (c) 4. (d) 5. (c) 6. (d) 7. (b) 8. (c) 9. (b) 10. (d) 11. (c) 12. (b) 13. (d) 14. (a) 15. (a) 16. (a) 17. (b) 18. (c) 19. (b) 20. (a) 21. (b) 22. (a) 23. (a) 24. (b) 25. (c) 26. (b)